সংবাদ

তারিখ ... ২১.৩.৮৬ ...
পৃষ্ঠা ... ... কলাম ৩

005

## 'বই পড়তে ভাল লাগে না'

মাধ্যমিক বিদ্যালয়ের অধিকাংশ শিক্ষকই নিয়মিত বই পড়েন না। কারণ তাঁদের বই পড়তে ভাল লাগে না। যারা বই পড়েন তাদের অনেকেই সপ্তাহে অথবা মাসে ১টি বই পড়ে থাকেন। শিক্ষকদের পছন্দ প্রধানত:- উপন্যাস। সম্প্রতি জাতীয় গ্রন্থ কেন্দ্র গ্রন্থসুহৃদ সমিতিগুলোর সহায়তায় মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের পাঠ প্রবণতার ওপর জরিপ চালিয়ে এসব তথ্য জানতে পেরেছে।

জরিপে জানা গেছে, দেশের মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের মধ্যে শতকরা ৫৯ দশমিক ৬২জন অনিয়মিত এবং শতকরা ৩১ দশমিক ৪১ জন নিয়মিত বই পড়েন। বাদবাকী ৮ দশমিক ৯৭ জন কোন বইই পড়েন না। এই না পড়ার কারণ হিসেবে সাক্ষাৎদানকারী শিক্ষকদের শতকরা ৫৭ দশমিক ১৫ জন বলেছেন যে, বই পড়তে তাদের ভাল লাগে না। বই কেনার সামর্থ্য নেই ,২১দশমিক ৪৩ ভাগের। এছাড়া ৭দশমিক ১৪ ভাগের মতে পাঠাগারে মনের মত বই নেই, ৭ দশমিক ১৪ ভাগের মতে বই পড়ে কোন লাভ নেই। শতকরা ৭দশমিক ১৪ জন অন্যান্য অসুবিধার কারণে বই পড়েন না।

(৩-এর পাতায় দ্র:)

## বই

(১ম পাতার পর)

যারা বই পড়েন তাদের মধ্যে সপ্তাহে ১টি বই পড়েন শতকরা ৩৫ দশমিক ১৬ জন, মাসে ১টি শতকরা ৩২ দশমিক ০৩ জন এবং তদূর্ধ্ব সময়ে ১টি শতকরা ৩২ দশমিক ৮১ জন। এদের বই সংগ্রহের সূত্রের ব্যাপারে জানা যায়, বেশীর ভাগই বন্ধুদের কাছ থেকে বই সংগ্রহ করে থাকেন। এদের হার শতকরা ৩২ দশমিক ২৬ ভাগ। কিনে বই সংগ্রহ করেন ১৯ দশমিক ৭৬ ভাগ, সাধারণ পাঠাগার থেকে ১৮ দশমিক ১৪ ভাগ, বিদ্যালয় পাঠাগার থেকে ২৯ দশমিক ৮৪ ভাগ। জরিপে দেখা যায়, এদের বেশীরভাগেরই বাসস্থানের কাছাকাছি সাধারণ পাঠাগার থাকা সত্ত্বেও মাত্র শতকরা ৪০ দশমিক ৪৩ জন এসব পাঠাগারের সদস্য।

জরিপে আরো দেখা যায় যে, এসব শিক্ষকের শতকরা ৩৩ দশমিক ৫৪ জনের পছন্দ উপন্যাস। মাত্র ৯ দশমিক ৭২ ভাগ শিক্ষক কবিতা পছন্দ করেন। ধর্মের বই পছন্দ করেন শতকরা ১৬ দশমিক ৯৩ জন।

বই জরিপে সারাদেশ থেকে ২৪১ জন শিক্ষকের সরাসরি সাক্ষাৎকার নেয়া হয়। খবর প্রেস বিজ্ঞপ্তির।